DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 22 Nov 2026, 10:16 PM

সারাদেশ

অপতথ্য রোধে তথ্য অধিকার নিশ্চিতের আহ্বান

প্রতিবেদক: Bangladesh

প্রকাশের তারিখ: সোমবার, ২৮ সেপ্টেম্বর ২০২৬, ০৩:১০ PM



সুনামগঞ্জে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। সচেতন নাগরিক কমিটি (সনাক) ও নাগরিক তথ্য অধিকার ফোরাম, সুনামগঞ্জের যৌথ উদ্যোগে সোমবার (২৮ সেপ্টেম্বর) সকাল ১১টায় শহরের পুরাতন বাসস্ট্যান্ড এলাকায় এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

ডিজিটাল যুগে সঠিক তথ্য নিশ্চিতকরণ: অপতথ্য রোধে তথ্য অধিকারের ভূমিকা প্রতিপাদ্যকে সামনে রেখে আয়োজিত মানববন্ধনে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ, গণমাধ্যমকর্মী, শিক্ষার্থী ও অধিকারকর্মীরা অংশ নেন। মানববন্ধনে বক্তারা বলেন, তথ্য অধিকার আইন জনগণের ক্ষমতায়ন এবং সরকারি কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করার অন্যতম গুরুত্বপূর্ণ হাতিয়ার। দুর্নীতি প্রতিরোধ ও সুশাসন প্রতিষ্ঠায় নাগরিকদের তথ্য পাওয়ার সুযোগ আরও সহজ ও কার্যকর করা প্রয়োজন।

তারা বলেন, ডিজিটাল যোগাযোগের এই সময়ে সঠিক ও নির্ভরযোগ্য তথ্যের গুরুত্ব আগের যেকোনো সময়ের তুলনায় বেড়েছে। অপতথ্য ও

বিভ্রান্তিকর তথ্যের বিস্তার ঠেকাতে নাগরিকদের তথ্য অধিকার সম্পর্কে সচেতন করার পাশাপাশি সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে তথ্য প্রদানের প্রক্রিয়া আরও সহজ ও জনবান্ধব করা দরকার। বক্তারা আরও বলেন, সাধারণ মানুষ যেন কোনো ধরনের জটিলতা বা হয়রানি ছাড়াই সরকারি ও বেসরকারি দপ্তর থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে পারেন, তা নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আরও আন্তরিক ও দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।

তারা বলেন, তথ্য অধিকার আইনের কার্যকর প্রয়োগ শুধু সরকারের একার দায়িত্ব নয়। স্বচ্ছতা, জবাবদিহি ও সুশাসন নিশ্চিত করতে গণমাধ্যম, সুশীল সমাজ, নাগরিক সংগঠন ও সাধারণ জনগণকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। পাশাপাশি তথ্যের সঠিক ব্যবহার নিশ্চিত করে গুজব ও অপতথ্যের বিরুদ্ধে সামাজিক সচেতনতা গড়ে তোলার ওপরও গুরুত্বারোপ করেন বক্তারা।

এ বিভাগের আরও খবর



২২ বছর পর ১২ ডিসেম্বর সুনামগঞ্জ সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান

দীর্ঘ প্রায় ২২ বছর পর আগামী ১২ ডিসেম্বর সুনামগঞ্জ সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তাঁর এ সফর উপলক্ষে জেলা স্টেডিয়ামে আয়োজন করা হচ্ছে...



ব্রাহ্মণবাড়িয়ায় ট্রাকের চাপায় অটোরিকশার যাত্রী নিহত

ব্রাহ্মণবাড়িয়ার কুমিল্লা-সিলেট মহাসড়কে ট্রাকের ধাক্কায় অটোরিকশা থেকে ছিটকে পড়ে প্রাণ হারিয়েছেন মো. আরাফাত মোল্লা (১৯) নামের এক যুবক। ট্রাকের...



টানা বৃষ্টিতে বিপর্যস্ত ঝালকাঠির জনজীবন, দুর্ভোগে শ্রমজীবী মানুষ

টানা তিন থেকে চার দিনের বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়েছে ঝালকাঠি পৌর শহরের স্বাভাবিক জীবনযাত্রা। একটানা বৃষ্টিতে শহরের বিভিন্ন নিচু এলাকা ও সড়কে...



দুপুরের মধ্যে ঢাকাসহ ১২ জেলায় ঝড়-বৃষ্টির পূর্বাভাস

ঢাকাসহ দেশের ১২ জেলায় দুপুর ১টার মধ্যে ঝড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা রয়েছে। এ সময় ঘণ্টায় সর্বোচ্চ ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যেতে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/optthj-rodhe-tthj-odhikar-nishchiter-ahban